

বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্দেগে মহান স্বাধীনতা দিবস উদয়াপিত



বাংলাদেশ সোসাইটি অব সিডনী মহান স্বাধীনতা দিবস উদয়াপন উপলক্ষে আয়োজন করেছে এক বিশেষ অনুষ্ঠানের। গত ১০ই এপ্রিল রবিবার রকডেল পাবলিক স্কুলের হলরুমে সন্ধ্যা ছয়টাতে শুরু হয় অনুষ্ঠানটি এবং শেষ হয় রাত সাড়ে নয়টায়। অনুষ্ঠানে ছিল বেশ কয়েকটি আকর্ষণ। শুরুতেই পরিত্র

কোরআন থেকে তেলাওয়াত করে শোনায় বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র ছাত্র মুনাদ ও প্রত্যয়, এরপর বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সাধারণ সম্পাদক জনাব শফিকুর রহমান চৌধুরী স্বাগত বক্তব্য রাখেন। ছড়া ও কবিতা আবৃত্তি করেছে আবিদ, নিয়াজ, মুনাদ, প্রত্যয় ও প্রাঞ্জল, দৈত আবৃত্তি করেছে শারিকা ও শাদমান।

স্বরচিত কবিতা পড়েছেন জনাব হায়াত মাহমুদ। স্বাধীনতার উপর মূল প্রবন্ধ পাঠ করেছেন ডঃ মোঃ মনজরুল হক। এরপরই শুরু হয় বাংলা স্কুলের ছেলেমেয়দের সমন্বয়ে সংগীতানুষ্ঠান। এতে কোরাস সংগীত পরিবেশন করে



তাজরি, তাহানী, রংবাই, শীতাদ, মুনাদ, প্রত্যয়, নিয়াজ, তৃদি, সিয়াম ও তুবা। সংগীত পরিচালনা করেন স্কুলের মিউজিক শিক্ষিকা ঝুমু। একক সংগীত পরিবেশন করেছেন দীপা, সাকী, রাইসা, ঝুমু এবং বাংলাদেশ থেকে আগত অতিথি শিল্পী জনাব মহিউদ্দীন বাদল। তিনি দর্শক-শ্রাতাদের অনুরোধে বেশ কয়েকটি গান গেয়ে শোনান। জনাব বাদল বাংলাদেশে রেডিও, টেলিভিশন এবং মঞ্চে গজল শিল্পী হিসেবে খ্যাতি অর্জন করেছেন। পুরো অনুষ্ঠানে তবলা বাজিয়েছেন জনাব মাকসুমুল আহসান এবং মাদল বাজিয়েছেন নিয়াজ। সাউন্ড সিল্লেম পরিচালনায় ছিলেন রাজিব। অনুষ্ঠানে বক্তব্য রাখেন

স্কুলের প্রিন্সিপ্যাল ডঃ মোঃ হাবিব উল্লাহ এবং সোসাইটির প্রাক্তন সভাপতি জনাব নাজমুল হুদা। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল আকর্ষণীয় খাবারের আয়োজন। বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সদস্য-সদস্যাবৃন্দ এবং বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র ছাত্র-ছাত্রী এবং সম্মানিত অভিভাবকবৃন্দ সহ



রকডেল-কোগারা এলাকার বিপুল সংখ্যক সূধীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ পর্যায়ে সোসাইটির সভাপতি জনাব শহীদুজ্জামান আলো অনুষ্ঠানটির সফলতায় যারা সহযোগীতা করেছেন তাদের সকলের প্রতি কত্তজ্জতা জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন।